

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৭.

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৪  
২৮ আগস্ট ২০১৭

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ সফিকুর রহমান, সহকারি অধ্যাপক (পদার্থবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনাল, গোপালগঞ্জ এ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় মামলা দায়ের করেন। সে পরিপ্রেক্ষিতে ০৯/০২/২০১৭ তারিখে বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করায় তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, বিজ্ঞ আদালত (নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনাল, গোপালগঞ্জ) কর্তৃক গত ২০/০৭/২০১৭ তারিখে হতে অব্যাহতি প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে তাকে চাকুরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, মাননীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ সফিকুর রহমান, সহকারি অধ্যাপক (পদার্থবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখ: ২৪.০৮.২০১৭  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৭. ২০১৭/১৭

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৪  
২৮ আগস্ট ২০১৭

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মোঃ সফিকুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর।
- ৩। উপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
- ৭। জনাব মোঃ সফিকুর রহমান, সহকারি অধ্যাপক (পদার্থবিজ্ঞান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর।

  
(জাকিয়া খানম)  
উপসচিব  
ফোন- ৯৫৫৩২৭৬